# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 22 June, 2025

ময়মনসিংহের ফুলপুরে শ্যামলী বাংলা পরিবহনের একটি বাস ও মাহেন্দ্রর মুখোমুখি সংঘর্ষে আটজন নিহতের ঘটনায় বাসচালক ও ট্রাক্টরচালকসহ পাঁচজনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে পুলিশ।শনিবার (২১ জুন) দিবাগত রাত ১২টার দিকে ফুলপুর থানার উপপরিদর্শক (এসআই) মুকুল সরকার বাদী হয়ে সড়ক পরিবহন আইনে মামলাটি দায়ের করেন।মামলায় বাসচালক মো. রিপন (৪০), ট্রাক্টরচালক মো. রতন মিয়া (২৫) ও অজ্ঞাতনামা আরও তিনজনকে আসামি করা হয়েছে।

পুলিশ জানায়, হালুয়াঘাট থেকে ঢাকাগামী একটি যাত্রীবাহী বাস কাজিয়াকান্দা এলাকায় পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে একটি মাহেন্দ্রকে সজোরে ধাক্কা দেয়।এ সময় ঘটনাস্থলে আটজনের মৃত্যু হয়।দুর্ঘটনার পর পরই উত্তেজিত জনতা বাসটিতে আগুন ধরিয়ে দেয়।পরে পুলিশ, ফায়ার সার্ভিস ও সেনাবাহিনী ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এজাহারে বলা হয়েছে, দুর্ঘটনার সময় একটি লাইসেন্সবিহীন ট্রাক্টর রাস্তার পাশে দাঁড়িয়ে ছিল, যা দুর্ঘটনার অনুকূল পরিবেশ সৃষ্টি করে।এ ঘটনায় ক্ষুব্ধ হয়ে জনতা বাসে আগুন ধরিয়ে দেয়।

নিহতদের মধ্যে পরিচয় পাওয়া গেছে–কাজিম উদ্দিন (২৮), লাল মিয়া (৩৬), রুবেল (৩০), হাছিনা খাতুন (৫০), শামসুদ্দিন (৬৫), নয়ন মিয়া (৪০), ফরিদ মিয়া (৩৮) ও জাহের আলী (৭০)। তারা লালমনিরহাট, নেত্রকোনা ও ময়মনসিংহ জেলার বিভিন্ন এলাকার বাসিন্দা।

ফুলপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল হাদি জানান, নিহতদের পরিবারের অনুরোধে ময়নাতদন্ত ছাড়াই মরদেহ হস্তান্তর করা হয়েছে।মামলার আসামিদের গ্রেপ্তারে পুলিশ অভিযান চালাচ্ছে।

বাস মামলা দুর্ঘটনা পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:17

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/3547775807